রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, নভেম্বর ১১, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়**

**আদেশ**

তারিখ : ২৫ কার্তিক, ১৪২৭ বঙ্গাব্দ/১০ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ৩০৫-আইন/২০২০।**—বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন, ২০১৮ (২০১৮ সনের ৫১ নং আইন) এর ধারা ৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদেশ প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আদেশ বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে রাষ্ট্রীয়ভাবে সম্মান প্রদর্শন আদেশ, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **বীর মুক্তিযোদ্ধা চিহ্নিতকরণের মানদন্ড।**—কোনো বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে রাষ্ট্রীয় সম্মান প্রদর্শনের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, অতঃপর মন্ত্রণালয় বলিয়া উল্লিখিত, এর ওয়েবসাইটে (www.molwa.gov.bd) প্রকাশিত নিম্নবর্ণিত যে কোনো একটি প্রমাণকে বীর মুক্তিযোদ্ধার নাম থাকিতে হইবে, যথা :—

(ক) ভারতীয় তালিকা :

(১) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা;

(২) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (পদ্মা);

(৩) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (মেঘনা);

(৪) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেক্টর); বা

(৫) মুক্তিযোদ্ধাদের ভারতীয় তালিকা (সেনা, নৌ ও বিমান বাহিনী);

(খ) লাল মুক্তিবার্তা :

লাল মুক্তিবার্তার (চূড়ান্ত লাল বই); বা

লাল মুক্তিবার্তা স্মরণীয় যারা বরণীয় যারা;

(গ) গেজেট :

(১) যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের তালিকা;

(২) খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধাদের তালিকা;

(৩) বেসামরিক গেজেট;

(৪) প্রবাসে বিশ্ব জনমত গেজেট;

(৫) ধারণাগত জ্যেষ্ঠতাপ্রাপ্ত মুক্তিযোদ্ধা কর্মকর্তাদের তালিকা;

(৬) বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) গেজেট;

(৭) শব্দ সৈনিক-স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী ও কলা-কুশলীদের তালিকা;

(৮) মুক্তিযোদ্ধাদের (বীরাঙ্গনা) তালিকা;

(৯) স্বাধীন বাংলা ফুটবল দলের খেলোয়াড়বৃন্দের নামের তালিকা;

(১০) ন্যাপ-কমিউনিস্ট পার্টি-ছাত্র ইউনিয়ন, বিশেষ গেরিলা বাহিনী ও মুক্তিযোদ্ধাদের তালিকা;

(১১) বিশ্রামগঞ্জ হাসপাতালে নিয়োজিত বা দায়িত্ব পালনকারী মুক্তিযোদ্ধা গেজেট; বা

(১২) মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি ও মন্ত্রীবর্গের তালিকা এবং মুজিবনগর কর্মচারী তালিকা;

(ঘ) বাহিনী গেজেট :

(১) যুদ্ধাহত সেনা মুক্তিযোদ্ধাদের নামীয় তালিকা;

(২) যুদ্ধাহত পঙ্গু মুক্তিযোদ্ধাদের নামীয় তালিকা (বর্ডার গার্ড বাংলাদেশ);

(৩) যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের নামীয় তালিকা (বর্ডার গার্ড বাংলাদেশ);

(৪) সেনা মুক্তিযোদ্ধাদের নামীয় তালিকা;

(৫) বিমানবাহিনীর মুক্তিযোদ্ধাদের তালিকা;

(৬) বাংলাদেশ নৌ-বাহিনীর মুক্তিযোদ্ধাদের তালিকা;

(৭) নৌ-কমান্ডোদের তালিকা;

(৮) বাংলাদেশ রাইফেলস (বর্তমান বিজিবি) এর মুক্তিযোদ্ধাদের নামীয় তালিকা;

(৯) পুলিশ বাহিনীর মুক্তিযোদ্ধাদের তালিকা; বা

(১০) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মুক্তিযোদ্ধাদের তালিকা;

(ঙ) জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের সুপারিশক্রমে মন্ত্রণালয় কর্তৃক এতদুদ্দেশ্যে জারিকৃত অন্য কোনো মুক্তিযোদ্ধাদের নামীয় তালিকা সংক্রান্ত গেজেট।

৩। **বীর মুক্তিযোদ্ধার মৃত্যু সংবাদ প্রশাসনকে অবহিতকরণ।**—(১) কোনো বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা কমান্ড বা উপজেলা কমান্ড বা থানা কমান্ডের কমান্ডার বা প্রশাসক বা তাহার প্রতিনিধি কর্তৃক বীর মুক্তিযোদ্ধার মৃত্যু সংবাদ তাৎক্ষণিকভাবে জেলা প্রশাসক বা উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, ঢাকায় অবস্থানরত খেতাবপ্রাপ্ত এবং যুদ্ধাহত গেজেটভুক্ত কোনো বীর মুক্তিযোদ্ধার মৃত্যু হইলে এতদ্‌সংক্রান্ত তথ্য প্রাপ্তির পর দাফন বা সৎকারের জন্য বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট কর্তৃক সংশ্লিষ্ট জেলা প্রশাসক বা উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করিতে হইবে।

(২) বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে তাহার কোনো আত্মীয় বা প্রতিবেশী বা যে কোনো নাগরিক এই সংক্রান্ত তথ্য জেলা বা উপজেলা প্রশাসনকে অবহিত করিতে পারিবে।

(৩) বীর মুক্তিযোদ্ধার মৃত্যু সংক্রান্ত তথ্য প্রিন্ট বা ইলেকট্রনিক মিডিয়া বা সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত হইলে উক্ত তথ্যের যথার্থতা সাপেক্ষে সংশ্লিষ্ট জেলা বা উপজেলা প্রশাসন এই আদেশের অধীন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

৪। **রাষ্ট্রীয়ভাবে সম্মান প্রদর্শনের জন্য সরকারের প্রতিনিধিত্বকরণ।**—মৃত বীর মুক্তিযোদ্ধার দাফন, সৎকার বা সমাধিস্থ করিবার অনুষ্ঠানে রাষ্ট্রীয়ভাবে সম্মান প্রদর্শনের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণ সরকারের পক্ষে প্রতিনিধিত্ব করিবেন, যথা :—

(ক) মহানগর বা জেলা সদরের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক;

(খ) উপজেলা এবং পৌরসভার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার; এবং

(গ) রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ বা জনগুরুত্বপূর্ণ কাজে ব্যস্ত থাকিলে মহানগর বা জেলা সদরে জেলা প্রশাসকের পরিবর্তে তদকর্তৃক দায়িত্বপ্রাপ্ত কোনো অতিরিক্ত জেলা প্রশাসক এবং উপজেলা বা পৌরসভা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের পরিবর্তে সহকারী কমিশনার (ভূমি)।

৫। **মৃত বীর মুক্তিযোদ্ধাকে রাষ্ট্রীয়ভাবে সম্মান প্রদর্শন।**—বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে লাশ দাফন, সৎকার বা সমাধিস্থ করিবার পূর্বে নিম্নরূপভাবে রাষ্ট্রীয় সম্মান প্রদর্শন করিতে হইবে, যথা :—

(ক) মৃত বীর মুক্তিযোদ্ধার কফিন জাতীয় পতাকায় আবৃত করা :

তবে শর্ত থাকে যে, উল্লিখিত কফিন কবরে নামানো, সৎকার বা সমাধিস্থ করিবার পূর্বে জাতীয় পতাকা খুলিয়া ফেলিতে হইবে;

(খ) অনুচ্ছেদ ৪ এ বর্ণিত কর্মকর্তাবৃন্দ কর্তৃক সরকারের পক্ষে প্রতিনিধি হিসাবে বীর মুক্তিযোদ্ধার কফিনে পুষ্পস্তবক অর্পণ;

(গ) পুষ্পস্তবক অর্পণ শেষে অনুমোদিত সংখ্যক পুলিশ বাহিনীর সশস্ত্র গার্ড কর্তৃক মৃত বীর মুক্তিযোদ্ধাকে সশস্ত্র সালাম জানানো এবং বিউগলে করুণ সুর বাজানো;

(ঘ) সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক মৃত মুক্তিযোদ্ধার দাফন, সৎকার বা সমাধিস্থ করার অনুষ্ঠানে গার্ড অব অনার পরিচালনা :

তবে শর্ত থাকে যে, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ বা জনগুরুত্বপূর্ণ কাজে ব্যস্ত থাকিলে তাহার পরিবর্তে থানার পরবর্তী জ্যেষ্ঠ কর্মকর্তা বর্ণিত দায়িত্ব পালন করিবেন।

(ঙ) সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য হিসাবে বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে লাশ দাফন বা সৎকার বা সমাধিস্থ করিবার ক্ষেত্রে উক্ত বাহিনীর নিজস্ব রীতি অনুসরণ।

৬। **বীর মুক্তিযোদ্ধার দাফন বা সৎকার**।—বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে লাশ দাফন বা সৎকারের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক বা উপজেলা নির্বাহী অফিসার নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করিবেন, যথা :—

(ক) ইসলাম ধর্মের অনুসারী মৃত বীর মুক্তিযোদ্ধাকে সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা বা ইউনিয়ন পরিষদের নির্ধারিত সরকারি গোরস্থানের সংরক্ষিত স্থানে সমাহিত করা বা, ক্ষেত্রমত, পারিবারিক গোরস্থানে দাফন করা বা মৃত বীর মুক্তিযোদ্ধার অন্তিম ইচ্ছা অনুযায়ী তাহার মৃত দেহের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(খ) সনাতন ধর্মের অনুসারী বা অন্যান্য ধর্মাবলম্বী মৃত বীর মুক্তিযোদ্ধাকে স্ব স্ব ধর্মের রীতি অনুযায়ী বা মৃত বীর মুক্তিযোদ্ধার অন্তিম ইচ্ছা অনুযায়ী সৎকার বা সমাধিস্থ করার ব্যবস্থা গ্রহণ;

(গ) মৃত অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধার লাশ দাফন, সৎকার বা সমাধিস্থ করিবার জন্য মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দকৃত অর্থ হইতে নির্ধারিত হারে আর্থিক অনুদান প্রদানের ব্যবস্থা গ্রহণ :

তবে শর্ত থাকে যে, কোনো অর্থ-বৎসরে বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণরূপে ব্যয়িত হইবার প্রেক্ষিতে মন্ত্রণালয় হইতে পুনরায় বরাদ্দ প্রাপ্তির পূর্বে কোনো বীর মুক্তিযোদ্ধা মৃত্যুবরণ করিলে সংশ্লিষ্ট উপজেলা বা জেলা প্রশাসন নিজস্ব তহবিল হইতে সংশ্লিষ্ট পরিবারকে নির্ধারিত হারে অনুদান প্রদান করিবেন এবং পরবর্তীতে মন্ত্রণালয় হইতে বরাদ্দকৃত অর্থ হইতে ইতঃপূর্বে ব্যয়িত অর্থ সমন্বয় করিবেন।

৭। **রহিতকরণ ও হেফাজত**। (১) মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী বীর মুক্তিযোদ্ধাদের মৃত্যুতে সরকারীভাবে যথাযথ সম্মান প্রদর্শন সম্পর্কিত সমন্বিত নীতিমালা, ২০০৫ এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত নীতিমালার অধীন কৃত কার্য বা গৃহীত ব্যবস্থা এই আদেশের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং অনিষ্পন্ন বা চলমান কার্যক্রম এমনভাবে অব্যাহত থাকিবে যেন উক্ত নীতিমালা রহিত হয় নাই।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তপন কান্তি ঘোষ**
**সচিব।**

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd